ইত্তেফাক

তারিখ 2/1/79
পৃষ্ঠা 4 কলাম 6

65

## একটি প্রশংসনীয় উদ্যোগ

কলেরা রিসার্চ ল্যাবরেটরীর সাবেক প্রধান চিকিৎসক মরহুম ডাঃ এ কে এম জমিউল আলমের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে কলেরা রিসার্চ ল্যাবরেটরীর (বর্তমানে আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ)ঢাকা চিকিৎসা কেন্দ্রকে আজ (মঙ্গলবার) তাঁহার নামে উৎসর্গ করা হইবে।

রোগীদের প্রতি ডাঃ আলমের দরদ ও সেবা শুশ্রূষার জন্য কলেরা রিসার্চ ল্যাবরেটরী ধনী-দরিদ্র নির্বিশেষে সকলের নিকট সুনাম অর্জন করে। তিনি উদরাময় ও অন্যান্য রোগের গবেষণা কার্যে আত্মনিয়োগ করিয়াও বিশেষ খ্যাতি অর্জন করেন। তাঁহার মৃত্যুতে কলেরা রিসার্চ ল্যাবরেটরী তথা দেশের অপূরণীয় ক্ষতি হইয়াছে। খবর প্রেস বিজ্ঞপ্তির।